## ৬.৫ নির্বাহী পরিষদের মেয়াদকাল

নির্বাহী পরিষদের মেয়াদ হবে দুই বৎসর। বৎসর গণণা শুরু হবে দায়িত্ব গ্রহণের দিন থেকে। ক্ষমতাসীন নির্বাহী পরিষদ তাদের মেয়াদপূর্তি তারিখের পূর্ববর্তী পনের দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করবেন এবং মেয়াদপূর্তির সাথে সাথে নব-নির্বাচিত নির্বাহী পরিষদের নিকট দায়িত্ব হস্তান্তর করবেন। কোন কারণবশতঃ নির্দিষ্ট সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হলে, নির্বাচন পিছানো যেতে পারে। তবে যে কোন পরিস্থিতিতে মেয়াদপূর্তি তারিখের পরবর্তী ৩৯ দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করে নব-নির্বাচিত নির্বাহী পরিষদের নিকট দায়িত্ব হস্তান্তর করতে হবে। এ সময়ের মধ্যে ও নির্বাচন অনুষ্ঠিত না হলে নির্বাহী পরিষদ মেয়াদোত্তীর্ণ বলে বিবেচিত হবে এবং একটি বিশেষ সাধারণ সভার মাধ্যমে সাধারণ সদস্যদের ভিতর থেকে অনধিক পাঁচ জন সদস্য নিয়ে একটি এডহক কমিটি গঠন করে নির্বাচন আয়োজনের ব্যবস্থা করা হবে। তবে এডহক কমিটির সদস্যগণ তাদের মেয়াদকালে নির্বাচনে অংশগ্রহণ করবেন না।

## ৭. উপদেষ্টা পরিষদ

### ক. উপদেষ্টা পরিষদের গঠন

উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা থাকবে তিন থেকে পাঁচজন।

### খ. উপদেষ্টা পরিষদের দায়িত্ব ও ক্ষমতা

উপদেষ্টা পরিষদ নির্বাহী পরিষদের আহ্বানে এবং সাংগঠনিক উন্নয়নে সুচিন্তিত পরামর্শ ও সুপারিশ পেশ করবেন। তবে উপদেষ্টা পরিষদের পরামর্শ বা সুপারিশ বামাসপ বা বামাসপ-এর নির্বাহী পরিষদ কর্তৃক অবশ্য পালনীয় সিদ্ধান্ত বলে বিবেচিত হবে না। এরূপ পরামর্শ বা সুপারিশ সম্পূর্ণ বা আংশিক গ্রহণ/বর্জনের এক্তিয়ার নির্বাহী পরিষদ ও সাধারণ পরিষদের। উপদেষ্টা পরিষদ পাঁচ বছরের জন্য নির্বাহী পরিষদ নির্বাচন/গঠনের সময় মনোনীত হবেন। উপদেষ্টা পরিষদের সদস্যগণ অত্যন্ত সম্মানিত ব্যক্তি হিসেবে গণ্য হবেন। উপদেষ্টাগণ আমন্ত্রণ সাপেক্ষে নির্বাহী পরিষদের সভায় পর্যবেক্ষক হিসাবে উপস্থিত থাকতে পারেন তবে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না। সম্মানিত উপদেষ্টাগণ তাদের মেয়াদ শেষে পুনরায় মনোনীত হতে পারবেন।

## ৮. ভোটাধিকার

সাধারণ পরিষদ, নির্বাহী পরিষদ ও উপদেষ্টা পরিষদের সদস্যগণ নিজ নিজ পরিষদের সভায় এক সদস্য এক ভোটের ভিত্তিতে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

সাধারণ পরিষদের সভায় কেবলমাত্র বৈধ ভোটারগণ ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। সাধারণ সভা বা নির্বাচনে সেই সকল সদস্য বৈধ ভোটার বলে বিবেচিত হবেন যারা নিয়ম মাফিক(কোন বৎসরের জুন মাসের পূর্বে হলে পূর্ববর্তী বৎসরের এবং জুন মাসের পর হলে চলতি বৎসরের) সদস্য চাঁদা পরিশোধ করেছেন। কেবল মাত্র সদস্য সংগঠনের মনোনীত প্রতিনিধি ভোটদান করতে পারবেন। চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়নের পর প্রতিনিধি পরিবর্তন করা যাবে না এবং কোন ক্রমেই প্রক্সি ভোট গ্রহণযোগ্য হবে না। ভোটারগণ গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন।

## ৯. নির্বাচন

ক. প্রতি দুই বছর অন্তর নির্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে;

খ. নির্বাহী পরিষদের সদস্যবৃন্দ সাধারণ সদস্যদের মধ্য থেকে নির্বাচিত হবেন;

গ. নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে সভাপতি নির্বাচনের অন্তত: ৪৫(পঁয়তাল্লিশ) দিন পূর্বে তারিখ নির্ধারন ও নিরপেক্ষ ব্যক্তিদের নিয়ে একটি নির্বাচন কমিশন গঠন করবেন;

ঘ. নির্বাচন কমিশন নির্বাচনী তফশীল ঘোষণা ও নির্বাচন পরিচালনা করবেন;

অনুমোদিত

ঙ. প্রত্যেক সদস্য সংস্থা থেকে একজন প্রার্থী নির্বাহী পরিষদের নির্বাচনে একটি মাত্র পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন;

চ. কোন ব্যক্তি নির্বাহী পরিষদের সদস্য পদে পর পর দুই মেয়াদের বেশী নির্বাচনে প্রার্থী হতে পারবেন না;

ছ. শুধুমাত্র সদস্যপদ নবায়নকৃত চলতি সদস্য সংগঠন-এর প্রতিনিধিগণ অর্থাৎ বৈধ ভোটারগণ ভোটদানে অংশগ্রহণ ও নির্বাহী পরিষদ-এর পদের জন্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন;

জ. নির্বাহী পরিষদ-এর নির্বাচনের পূর্বে কোন পদে ত্রুটিপূর্ণ মনোনয়ন পত্র অথবা প্রত্যাহার কিংবা অন্যকোন কারণে যদি উক্ত পদে প্রার্থীতা শূন্য (ভেকেন্ট) হয় তাহলে উক্ত পদের জন্য পুনরায় নির্বাচন অনুষ্ঠিত হবে;

ঝ. কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-এর নীতিমালা ও নির্বাচন জনিত নিয়ম কানুন এবং নির্বাচনী আচরণবিধি প্রণয়ণ করবেন এবং তার ভিত্তিতে নির্বাচন কমিশন নির্বাচন অনুষ্ঠান করবেন।

## ১০. সভা

### ১০.১ বার্ষিক সাধারণ সভা

বামাসপ-এর চলতি বৈধ সাধারণ সদস্যদের নিয়ে গঠিত সাধারণ পরিষদ প্রতি বৎসর একটি বার্ষিক সাধারণ সভায় মিলিত হবেন। এই সভায় বার্ষিক কর্মপ্রতিবেদন, হিসাব প্রতিবেদন, অডিট রিপোর্ট এবং পরবর্তী বৎসরের বাজেট ও কর্মপরিকল্পনা পেশ করা হবে এবং এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা হবে। নির্বাহী পরিষদ বামাসপ-এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সহায়তায় বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করবেন।

### ১০.২ বিশেষ সাধারণ সভা

কোন বিশেষ প্রয়োজনে সাধারণ পরিষদ বিশেষ সাধারণ সভায় মিলিত হতে পারবেন। গুরুত্ব বিচারে বিশেষ সাধারণ সভা বার্ষিক সাধারণ সভার সমকক্ষ বলে বিবেচিত হবে এবং এরূপ সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বামাসপ-এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সহায়তায় নির্বাহী পরিষদ বাস্তবায়ন করবেন।

### ১০.৩ ফোরাম সভা

বামাসপ-এর সাধারণ সদস্য ও পর্যবেক্ষক সদস্যদের নিয়ে প্রতি দুইমাস অন্তর ফোরাম সভা অনুষ্ঠিত হবে। ফোরাম সভায় বাংলাদেশে সাম্প্রতিক মানবাধিকার পরিস্থিতির উপর আলোচনা অনুষ্ঠিত হবে। সাধারণ সভায় নির্বাহী পরিষদ, সাধারণ পরিষদ ও পর্যবেক্ষক সদস্যগণ সক্রিয় অংশগ্রহণ করবেন এবং এ বিষয়ে সুপারিশ সমূহ নির্বাহী পরিষদ-এর নিকট পেশ করবেন। তবে ফোরাম সভার পরামর্শ বা সুপারিশ সমূহ বামাসপ বা বামাসপ-এর নির্বাহী পরিষদ কর্তৃক অবশ্য পালনীয় সিদ্ধান্ত বলে বিবেচিত হবে না। এরূপ পরামর্শ বা সুপারিশ সম্পূর্ণ বা আংশিক গ্রহণ/বর্জনের এক্তিয়ার নির্বাহী পরিষদ ও সাধারণ পরিষদের ।

### ১০.৪ নির্বাহী পরিষদ সভা

বামাসপ-এর নির্বাহী পরিষদ প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হবেন। নিবাহী পরিষদ সভায় সংস্থার নীতিমালা, কর্মকৌশল, কর্মসূচী, প্রশাসনিক বিষয়সহ অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা ও পর্যালোচনা করবেন এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

### ১০.৫ উপদেষ্টা পরিষদ সভা

বামাসপ-এর উপদেষ্টা পরিষদ বৎসরে অন্যন তিনবার সভায় মিলিত হবেন। উপদেষ্টা পরিষদ সভায় সংস্থার নীতিমালা, কর্মকৌশল, কর্মসূচী, প্রশাসনিক বিষয়সহ অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা ও পর্যালোচনা করবেন এবং প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন করবেন। উপদেষ্টা পরিষদের সুপারিশমালা বিবেচনার জন্য নির্বাহী পরিষদের নিকট পেশ করা হবে।

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষের পক্ষে

পরীক্ষিত

আকরাম হোসেন চৌধুরী
মহাসচিব